গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

## জেলা প্রশাসকের কার্যালয়, যশোর

# সরকারি কর্মসম্পাদন পরিবীক্ষণ পদ্ধতি (GPMS)

# সূচিপত্র


| ক্রমিক নং | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|
| ০১ | সেকশন ১: দপ্তর/সংস্থার রূপকল্প, অভিলক্ষ্য এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা | ৩-৫ |
| ০২ | সংযোজনী-১: শব্দসংক্ষেপ (Abbreviation) | ৬ |
| ০৩ | সংযোজনী-২: বিস্তারিত পরিকল্পনা | ৭-১১ |
| ০৪ | সেকশন ২: ২০২৬-২০২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা | ১২-১৩ |
| ০৫ | সংযোজনী ৩: কর্মসম্পাদন ও প্রমাণক | ১৪ |
| ০৬ | সংযোজনী ৪: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ | ১৫ |

## সেকশন ১

### দপ্তর/সংস্থার রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission) এবং ৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা

**১.১ রূপকল্প (Vision)**

অগ্রাধিকারভিত্তিক, অন্তর্ভুক্তিমূলক ও নাগরিককেন্দ্রিক প্রশাসন

**১.২ অভিলক্ষ্য (Mission)**

প্রযুক্তিনির্ভর সেবা, কার্যকর সমন্বয় ও জবাবদিহিতার মাধ্যমে দ্রুত, সহজ ও টেকসই জনসেবা নিশ্চিতকরণ দ্বারা যশোর জেলার সমন্বিত ও টেকসই উন্নয়ন এগিয়ে নেয়া

**১.৩ ০৩ (তিন) বছর মেয়াদি পরিকল্পনা**

| ক্রমিক | পরিকল্পনা | অর্থবছরভিত্তিক লক্ষ্যমাত্রা | | |
|---|---|---|---|---|
| | | ২০২৬-২৭ | ২০২৭-২৮ | ২০২৮-২৯ |
| (১) | (২) | (৩) | (৪) | (৫) |
| ১ | সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ | ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন<br>খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন | ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন<br>খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন | ক) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন<br>খ) গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত লক্ষ্যমাত্রার ১০০% কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন |
| ২ | ভূমি সম্পর্কিত সেবা প্রদান | ক) সংস্থার ভূমি উন্নয়ন কর ৫০% অনলাইনে আদায়<br>খ) ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ কেস নিষ্পত্তি ৫০%<br>গ) ১০০% নামজারী মামলা ২৮ দিনে নিষ্পত্তি<br>ঘ) ১০০% চান্দিনা ভিটি নবায়ন<br>ঙ) ১২ টি হাট বাজারের জমি পেরিফেরিভূক্তকরণ | ক) সংস্থার ভূমি উন্নয়ন কর ৬৫% অনলাইনে আদায়<br>খ) ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ কেস নিষ্পত্তি ৬৫%<br>গ) ১০০% নামজারী মামলা ২৮ দিনে নিষ্পত্তি<br>ঘ) ১০০% চান্দিনা ভিটি নবায়ন<br>ঙ) ১২ টি হাট বাজারের জমি পেরিফেরিভূক্তকরণ | ক) সংস্থার ভূমি উন্নয়ন কর ৮০% অনলাইনে আদায়<br>খ) ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ কেস নিষ্পত্তি ৮০%<br>গ) ১০০% নামজারী মামলা ২৮ দিনে নিষ্পত্তি<br>ঘ) ১০০% চান্দিনা ভিটি নবায়ন<br>ঙ) ১২ টি হাট বাজারের জমি পেরিফেরিভূক্তকরণ |
| ৩ | মৎস্য ও পাখি অভয়াশ্রম প্রতিষ্ঠাকরণ | ৮টি উপজেলায় ৮টি মৎস্য অভয়াশ্রম ও ২টি পাখি অভয়াশ্রমসহ মোট ১০টি অভয়াশ্রম | ৮টি উপজেলায় ৮টি মৎস্য অভয়াশ্রম ও ২টি পাখি অভয়াশ্রমসহ মোট ১০টি অভয়াশ্রম | ৮টি উপজেলায় ৮টি মৎস্য অভয়াশ্রম ও ২টি পাখি অভয়াশ্রমসহ মোট ১০টি অভয়াশ্রম |
| ৪ | নারীদের নিরাপত্তা নিশ্চিতকরণ | ক) বাল্যবিবাহ, যৌতুক, যৌন সহিংসতা, ইভটিজিং প্রতিরোধে ১৬ টি ইউনিয়নে 'নারী সাপোর্ট সেল' প্রতিষ্ঠা<br>খ) নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মধ্যে ১৬০ টি সাইকেল/সেলাই মেশিন বিতরণ | ক) বাল্যবিবাহ, যৌতুক, যৌন সহিংসতা, ইভটিজিং প্রতিরোধে ১৬ টি ইউনিয়নে 'নারী সাপোর্ট সেল' প্রতিষ্ঠা<br>খ) নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মধ্যে ১৬০ টি সাইকেল/সেলাই মেশিন বিতরণ | ক) বাল্যবিবাহ, যৌতুক, যৌন সহিংসতা, ইভটিজিং প্রতিরোধে ১৬ টি ইউনিয়নে 'নারী সাপোর্ট সেল' প্রতিষ্ঠা<br>খ) নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মধ্যে ১৬০ টি সাইকেল/সেলাই মেশিন বিতরণ |
| ৫ | মামলা নিষ্পত্তিকরণ | ক) ৫ বছরের উর্দ্ধে সার্টিফিকেট | ক) ৫ বছরের উর্দ্ধে সার্টিফিকেট | ক) ৫ বছরের উর্দ্ধে |

| | | | | |
|---|---|---|---|---|
| | | মামলার নিষ্পত্তি ৩০%<br>খ) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ আদালত এর ১৫% মামলা নিষ্পত্তি | মামলার নিষ্পত্তি ৪০%<br>খ) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ আদালত এর ১৫% মামলা নিষ্পত্তি | সার্টিফিকেট মামলার নিষ্পত্তি ৫০%<br>খ) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ আদালত এর ১৫% মামলা নিষ্পত্তি |
| ৬ | জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম | ক) জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা ১০০%<br>খ) মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রা ৫৫% | ক) জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা ১০০%<br>খ) মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রা ৬০% | ক) জন্ম নিবন্ধন লক্ষ্যমাত্রা ১০০%<br>খ) মৃত্যু নিবন্ধন লক্ষ্যমাত্রা ৬৫% |
| ৭ | শিক্ষার মান উন্নয়নে কর্মসূচি বাস্তবায়ন | ক) শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিল্পী কল্যাণ ট্রাস্ট , মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্ট সচলপূর্বক ৮০ জনকে বৃত্তি প্রদান কার্যক্রম পরিচালনা করা<br>খ) ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা | ক) শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিল্পী কল্যাণ ট্রাস্ট , মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্ট সচলপূর্বক ৮০ জনকে বৃত্তি প্রদান কার্যক্রম পরিচালনা করা<br>খ) ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা | ক) শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিল্পী কল্যাণ ট্রাস্ট , মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্ট সচলপূর্বক ৮০ জনকে বৃত্তি প্রদান কার্যক্রম পরিচালনা করা<br>খ) ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা |
| ৮ | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চা | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চায় মহাকবির জন্ম ও মৃত্যু তারিখে সভা/সেমিনার আয়োজন ৪ টি | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চায় মহাকবির জন্ম ও মৃত্যু তারিখে সভা/সেমিনার আয়োজন ৪ টি | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চায় মহাকবির জন্ম ও মৃত্যু তারিখে সভা/সেমিনার আয়োজন ৪ টি |
| ৯ | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | ক)কর্মকর্তা-কর্মচারীদের ১২টি প্রশিক্ষণের (ডি নথি, এ আই, GPMS ইত্যাদি) আয়োজন<br>খ) বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অভিযোগের তদন্ত কাজ ৩০ দিনের ভিতর সম্পন্নকরণ | ক)কর্মকর্তা-কর্মচারীদের ১২টি প্রশিক্ষণের (ডি নথি, এ আই, GPMS ইত্যাদি) আয়োজন<br>খ) বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অভিযোগের তদন্ত কাজ ৩০ দিনের ভিতর সম্পন্নকরণ | ক)কর্মকর্তা-কর্মচারীদের ১২টি প্রশিক্ষণের (ডি নথি, এ আই, GPMS ইত্যাদি) আয়োজন<br>খ) বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অভিযোগের তদন্ত কাজ ৩০ দিনের ভিতর সম্পন্নকরণ |
| ১০ | ইকোপার্ক তৈরি | পরিবেশ সংরক্ষণ, সবুজায়ন এবং স্বাস্থ্যকর বিনোদনের সুযোগ নিশ্চিত করে ১টি টেকসই ইকোপার্ক পরিচালনা করা | পরিবেশ সংরক্ষণ, সবুজায়ন এবং স্বাস্থ্যকর বিনোদনের সুযোগ নিশ্চিত করে ১টি টেকসই ইকোপার্ক পরিচালনা করা | পরিবেশ সংরক্ষণ, সবুজায়ন এবং স্বাস্থ্যকর বিনোদনের সুযোগ নিশ্চিত করে ১টি টেকসই ইকোপার্ক পরিচালনা করা |
| ১১ | টাস্কফোর্স অভিযান পরিচালনা | মাদক, চোরাচালান, খাদ্যে ভেজাল রোধে ৩৬ টি টাস্কফোর্স অভিযান পরিচালনা | মাদক, চোরাচালান, খাদ্যে ভেজাল রোধে ৩৬ টি টাস্কফোর্স অভিযান পরিচালনা | মাদক, চোরাচালান, খাদ্যে ভেজাল রোধে ৩৬ টি টাস্কফোর্স অভিযান পরিচালনা |
| ১২ | ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়ন | ১২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ | ১৬০ টি শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ | ২০০ টি শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ |
| ১৩ | জেলার নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা এবং জেলার বিখ্যাত পণ্যসমূহের প্রচার ও বিপণনের উদ্যোগ গ্রহণ | যশোরের ১ টি পণ্য (কৈ' মাছ) কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ | যশোরের ১ টি পণ্য (জামতলার মিষ্টি) কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ | যশোরের ১ টি পণ্য (রজনীগন্ধা ফুল) কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ |

| | | | | |
|---|---|---|---|---|
| ১৪ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার সেন্টার স্থাপন | কর্মজীবী মায়েদের জন্য নিরাপদ, সহায়ক ও শিশুবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করতে ৮টি ডে-কেয়ার সেন্টার স্থাপন | কর্মজীবী মায়েদের জন্য নিরাপদ, সহায়ক ও শিশুবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করতে ৮টি ডে-কেয়ার সেন্টার স্থাপন | কর্মজীবী মায়েদের জন্য নিরাপদ, সহায়ক ও শিশুবান্ধব কর্মপরিবেশ নিশ্চিত করতে ৮টি ডে-কেয়ার সেন্টার স্থাপন |
| ১৫ | কাজের দক্ষতা বিবেচনা করে সৎ ও দক্ষ কর্মকর্তা কর্মচারীগণকে/ পুরস্কৃত করা | কর্মক্ষেত্রে সততা, দক্ষতা ও দায়িত্বশীলতার সংস্কৃতি গড়ে তুলতে ২৪ জন যোগ্য কর্মচারীদের পুরস্কার প্রদান করা | কর্মক্ষেত্রে সততা, দক্ষতা ও দায়িত্বশীলতার সংস্কৃতি গড়ে তুলতে ৩৬ জন যোগ্য কর্মচারীদের পুরস্কার প্রদান করা | কর্মক্ষেত্রে সততা, দক্ষতা ও দায়িত্বশীলতার সংস্কৃতি গড়ে তুলতে ৪৮ জন যোগ্য কর্মচারীদের পুরস্কার প্রদান করা |

## সংযোজনী-১

## শব্দসংক্ষেপ (Abbreviation)

| ক্রমিক | শব্দসংক্ষেপ | পূর্ণরূপ (বাংলা) | Full Form (English) |
|---|---|---|---|
| ১ | GPMS | সরকারি কর্ম সম্পাদন পরিবিক্ষণ পদ্ধতি | Government Performance Monitoring System |
| ২ | এপিএ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি | Annual Performance Agreement |
| ৩ | ডিসি | জেলা প্রশাসক | Deputy Commissioner |
| ৪ | এডিএম | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট | Additional District Magistrate |
| ৫ | ইউএনও | উপজেলা নির্বাহী অফিসার | Upazila Nirbahi Officer |
| ৬ | এসিল্যান্ড | সহকারী কমিশনার (ভূমি) | Assistant Commissioner (Land) |
| ৭ | বিসিএস | বাংলাদেশ সিভিল সার্ভিস | Bangladesh Civil Service |
| ৮ | জিআই | ভৌগোলিক নির্দেশক | Geographical Indication |
| ৯ | এআই | কৃত্রিম বুদ্ধিমত্তা | Artificial Intelligence |
| ১০ | ডি-নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা ব্যবস্থা | Electronic File Management System (e-Nothi) |
| ১১ | আইসিটি | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | Information and Communication Technology |
| ১২ | এনআইডি | জাতীয় পরিচয়পত্র | National Identity Card |
| ১৩ | ইউডিসি | ইউনিয়ন ডিজিটাল সেন্টার | Union Digital Center |
| ১৪ | এলজিইডি | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | Local Government Engineering Department (LGED) |
| ১৫ | এসডিজি | টেকসই উন্নয়ন অভীষ্ট | Sustainable Development Goals (SDGs) |

## সংযোজনী-২
## বিস্তারিত পরিকল্পনা

### ১। সামাজিক নিরাপত্তা নিশ্চিতকরণ (ফ্যামিলি কার্ড ও কৃষক কার্ড বিতরণ)

২০২৬-২৭

- বিদ্যমান উপকারভোগীদের তথ্য যাচাই ও হালনাগাদ করা হবে।
- ইউনিয়ন, পৌরসভা ও উপজেলা পর্যায়ে যাচাই-বাছাই কমিটির মাধ্যমে প্রকৃত উপকারভোগী নির্বাচন করা হবে।
- জাতীয় পরিচয়পত্র, জন্ম নিবন্ধন ও অন্যান্য তথ্যভান্ডারের সাথে তথ্য মিলিয়ে ডুপ্লিকেশন দূর করা হবে।
- উপজেলা প্রশাসন, সমাজসেবা অধিদপ্তর ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সমন্বয়ে কার্ড বিতরণ কার্যক্রম পরিচালনা করা হবে।
- বিতরণ কার্যক্রমের অগ্রগতি মাসিক সভায় পর্যালোচনা করা হবে।

২০২৭-২৮

- নতুন উপকারভোগী অন্তর্ভুক্তির প্রয়োজনীয়তা মূল্যায়ন করা হবে।
- বিতরণ ব্যবস্থার দুর্বলতা চিহ্নিত করে সংশোধনী পদক্ষেপ গ্রহণ করা হবে।
- ডিজিটাল ডাটাবেজের মাধ্যমে উপকারভোগী ব্যবস্থাপনা জোরদার করা হবে।

২০২৮-২৯

- সমন্বিত উপকারভোগী তথ্যভান্ডার প্রস্তুত করা হবে।
- শতভাগ সেবা নিশ্চিতকরণে নিয়মিত মাঠ পরিবীক্ষণ পরিচালনা করা হবে।
- নাগরিক মতামত গ্রহণের মাধ্যমে সেবার গুণগত মান মূল্যায়ন করা হবে।

### ২। ভূমি সম্পর্কিত সেবা প্রদান

২০২৬-২৭

- সকল এসিল্যান্ড অফিসে অনলাইনে ভূমি উন্নয়ন কর আদায়ে উদ্বুদ্ধকরণ কার্যক্রম পরিচালনা করা হবে।
- ইউনিয়ন ডিজিটাল সেন্টারের মাধ্যমে নাগরিকদের অনলাইন সেবা গ্রহণে সহায়তা প্রদান করা হবে।
- ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ মামলাসমূহ তালিকাভুক্ত করে অগ্রাধিকারভিত্তিতে নিষ্পত্তি করা হবে।
- নামজারি মামলার জন্য দৈনিক মনিটরিং ব্যবস্থা চালু করা হবে।
- চান্দিনা ভিটি নবায়নের জন্য বিশেষ অভিযান পরিচালনা করা হবে।
- হাট-বাজারের জমি পেরিফেরিভুক্তকরণের জন্য মাঠ জরিপ ও রেকর্ড যাচাই করা হবে।

২০২৭-২৮

- অনলাইন ভূমি উন্নয়ন কর আদায়ের হার বৃদ্ধির জন্য প্রচার কার্যক্রম পরিচালনা করা হবে।
- অবশিষ্ট বিলম্বিত ভূমি অধিগ্রহণ মামলা দ্রুত নিষ্পত্তির জন্য বিশেষ রিভিউ সভা অনুষ্ঠিত হবে।
- নামজারি ও মিউটেশন সংক্রান্ত সেবায় ডিজিটাল ট্র্যাকিং ব্যবস্থা চালু করা হবে।
- হাট-বাজার ব্যবস্থাপনার জন্য ডিজিটাল তথ্যভান্ডার প্রস্তুত করা হবে।

২০২৮-২৯

- অনলাইনভিত্তিক ভূমি ব্যবস্থাপনা শক্তিশালী করা হবে।
- দীর্ঘদিনের জটিল ভূমি বিষয়ক মামলাসমূহ নিষ্পত্তির উদ্যোগ গ্রহণ করা হবে।
- ভূমি সেবার মানোন্নয়নে নাগরিক সন্তুষ্টি জরিপ পরিচালনা করা হবে।

### ৩। মৎস্য ও পাখি অভয়াশ্রম প্রতিষ্ঠাকরণ

২০২৬-২৭

- জেলা মৎস্য অফিস, পরিবেশ অধিদপ্তর ও স্থানীয় প্রশাসনের সমন্বয়ে সম্ভাব্য স্থান নির্বাচন করা হবে।
- স্থানীয় জনপ্রতিনিধি, মৎস্যজীবী ও জনগণকে সম্পৃক্ত করে ব্যবস্থাপনা কমিটি গঠন করা হবে।
- নির্ধারিত এলাকায় সংরক্ষণ কার্যক্রম শুরু করা হবে।
- সচেতনতামূলক সভা ও প্রচার কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৭-২৮

- অভয়াশ্রমসমূহের কার্যকারিতা মূল্যায়ন করা হবে।
- অবৈধ আহরণ প্রতিরোধে নিয়মিত মনিটরিং পরিচালনা করা হবে।
- স্থানীয় জনগোষ্ঠীর অংশগ্রহণ বৃদ্ধি করা হবে।

২০২৮-২৯

- জীববৈচিত্র্য সংরক্ষণ ও মৎস্য উৎপাদনের প্রভাব মূল্যায়ন করা হবে।
- দীর্ঘমেয়াদি সংরক্ষণ ব্যবস্থা প্রণয়ন করা হবে।

**৪। নারীদের নিরাপত্তা নিশ্চিতকরণ**

২০২৬-২৭

- ১৬টি ইউনিয়নে নারী সাপোর্ট সেল প্রতিষ্ঠা করা হবে।
- সাপোর্ট সেলের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও স্বেচ্ছাসেবক নির্ধারণ করা হবে।
- বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধে সচেতনতামূলক সভা পরিচালনা করা হবে।
- নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মাঝে সাইকেল, সেলাই মেশিন ও শিক্ষা উপকরণ বিতরণ করা হবে।

২০২৭-২৮

- নারী সাপোর্ট সেলের কার্যকারিতা মূল্যায়ন করা হবে।
- আইনগত সহায়তা ও কাউন্সেলিং কার্যক্রম সম্প্রসারণ করা হবে।
- ইউনিয়নভিত্তিক নারী সহায়তা নেটওয়ার্ক গড়ে তোলা হবে।

২০২৮-২৯

- নারী সাপোর্ট সেলসমূহকে জেলা পর্যায়ের সমন্বিত নেটওয়ার্কে অন্তর্ভুক্ত করা হবে।
- সফল নারী উদ্যোক্তাদের মাধ্যমে মেন্টরশিপ কার্যক্রম পরিচালনা করা হবে।

**৫। মামলা নিষ্পত্তিকরণ**

২০২৬-২৭

- ৫ বছরের অধিক পুরাতন মামলা শনাক্ত করে তালিকা প্রস্তুত করা হবে।
- মাসিক রিভিউ সভার মাধ্যমে অগ্রগতি মূল্যায়ন করা হবে।
- অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আদালতে বিশেষ শুনানির ব্যবস্থা করা হবে।
- মামলাজট কমানোর জন্য অগ্রাধিকারভিত্তিক নিষ্পত্তি কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৭-২৮

- পুরাতন মামলা নিষ্পত্তির জন্য বিশেষ ক্যাম্পেইন পরিচালনা করা হবে।
- ডিজিটাল কেস ট্র্যাকিং ব্যবস্থা চালু করা হবে।
- নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৮-২৯

- জটিল ও দীর্ঘমেয়াদি মামলার নিষ্পত্তিতে বিশেষ উদ্যোগ গ্রহণ করা হবে।
- মামলাজট ব্যবস্থাপনার জন্য স্থায়ী মনিটরিং ব্যবস্থা চালু করা হবে।

**৬। জন্ম-মৃত্যু নিবন্ধন কার্যক্রম**

২০২৬-২৭

- উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জন্ম ও মৃত্যু নিবন্ধনের বর্তমান অবস্থা পর্যালোচনা করা হবে।
- জন্ম নিবন্ধন শতভাগ নিশ্চিত করতে বিদ্যালয়, স্বাস্থ্যকেন্দ্র ও ইউনিয়ন পরিষদের মাধ্যমে বিশেষ প্রচারণা পরিচালনা করা হবে।
- মৃত্যু নিবন্ধন বৃদ্ধির জন্য হাসপাতাল, কবরস্থান, শ্মশান ও স্থানীয় জনপ্রতিনিধিদের সম্পৃক্ত করা হবে।
- নিবন্ধন কার্যক্রমে পিছিয়ে থাকা ইউনিয়নসমূহ চিহ্নিত করে বিশেষ তদারকি করা হবে।
- মাসিক অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হবে।

২০২৭-২৮

- জন্ম ও মৃত্যু নিবন্ধন সংক্রান্ত তথ্য বিনিময়ে স্বাস্থ্য বিভাগ ও স্থানীয় সরকার প্রতিষ্ঠানের সমন্বয় জোরদার করা হবে।
- ইউনিয়ন পরিষদ সচিব ও উদ্যোক্তাদের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান করা হবে।
- কম নিবন্ধন হারসম্পন্ন এলাকায় বিশেষ সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৮-২৯

- নিবন্ধন কার্যক্রমের গুণগত মান মূল্যায়ন করা হবে।
- ডিজিটাল ডাটাবেজের সাথে অন্যান্য সরকারি তথ্যভান্ডারের সমন্বয় জোরদার করা হবে।
- শতভাগ নিবন্ধন নিশ্চিতকরণে স্থায়ী পরিবীক্ষণ ব্যবস্থা গড়ে তোলা হবে।

৭। **শিক্ষার মান উন্নয়নে কর্মসূচি বাস্তবায়ন**

২০২৬-২৭

- শিক্ষা সহায়তা ট্রাস্ট, শিল্পী কল্যাণ ট্রাস্ট, মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্টের কার্যক্রম সক্রিয় করা হবে।
- যোগ্য শিক্ষার্থীদের নির্বাচন করে বৃত্তি প্রদান করা হবে।
- ৮টি শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা করা হবে।
- ইংরেজি ভাষা ও যোগাযোগ দক্ষতা উন্নয়নে বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৭-২৮

- ল্যাঙ্গুয়েজ ক্লাবের কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা হবে।
- বিতর্ক, উপস্থাপনা ও ভাষা প্রতিযোগিতার আয়োজন করা হবে।
- বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অগ্রগতি মূল্যায়ন করা হবে।

২০২৮-২৯

- সফল ল্যাঙ্গুয়েজ ক্লাব মডেল অন্যান্য শিক্ষা প্রতিষ্ঠানে সম্প্রসারণের উদ্যোগ গ্রহণ করা হবে।
- শিক্ষার্থীদের দক্ষতা উন্নয়নে বিশেষ প্রশিক্ষণ ও কর্মশালার আয়োজন করা হবে।
- শিক্ষা সহায়তা কর্মসূচির প্রভাব মূল্যায়ন করা হবে।

৮। **মহাকবি মাইকেল মধুসূদন দত্তের জীবনী চর্চা**

২০২৬-২৭

- মহাকবির জন্ম ও মৃত্যুবার্ষিকী উপলক্ষে আলোচনা সভা, সেমিনার ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হবে।
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহে সাহিত্যচর্চা বিষয়ক কার্যক্রম পরিচালনা করা হবে।
- মধুসূদন সংশ্লিষ্ট ঐতিহাসিক স্থানসমূহে শিক্ষার্থীদের শিক্ষা সফরের আয়োজন করা হবে।

২০২৭-২৮

- জেলা পর্যায়ে সাহিত্য প্রতিযোগিতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হবে।
- মাইকেল মধুসূদনের সাহিত্যকর্ম নিয়ে গবেষণা ও প্রকাশনা কার্যক্রম উৎসাহিত করা হবে।
- সাংস্কৃতিক সংগঠনসমূহকে সম্পৃক্ত করে জনসচেতনতা বৃদ্ধি করা হবে।

২০২৮-২৯

- মধুসূদন সাহিত্য উৎসব আয়োজনের উদ্যোগ গ্রহণ করা হবে।
- জেলার সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণে দীর্ঘমেয়াদি কর্মপরিকল্পনা গ্রহণ করা হবে।
- জাতীয় পর্যায়ে যশোরের সাহিত্য ঐতিহ্য তুলে ধরার কার্যক্রম গ্রহণ করা হবে।

৯। **প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি**

২০২৬-২৭

- কর্মকর্তা-কর্মচারীদের জন্য ডি-নথি, এআই, GPMS, অফিস ব্যবস্থাপনা ও সেবা প্রদান বিষয়ে ১২টি প্রশিক্ষণ আয়োজন করা হবে।
- প্রশিক্ষণ প্রয়োজন নিরূপণ করে প্রশিক্ষণ ক্যালেন্ডার প্রস্তুত করা হবে।
- অভিযোগ তদন্ত সংক্রান্ত কার্যক্রম নিয়মিত পরিবীক্ষণ করা হবে।
- আগত অভিযোগ ৩০ দিনের মধ্যে নিষ্পত্তি নিশ্চিত করা হবে।

২০২৭-২৮

- উন্নত প্রযুক্তি, ডাটা অ্যানালিটিক্স ও ই-গভর্ন্যান্স বিষয়ক প্রশিক্ষণ পরিচালনা করা হবে।
- কর্মকর্তাদের দক্ষতা মূল্যায়ন ব্যবস্থা চালু করা হবে।
- প্রশিক্ষণ-পরবর্তী কর্মদক্ষতার প্রভাব মূল্যায়ন করা হবে।

২০২৮-২৯

- দক্ষতা উন্নয়নের জন্য ধারাবাহিক প্রশিক্ষণ ব্যবস্থা প্রাতিষ্ঠানিক রূপ দেওয়া হবে।
- জ্ঞান ব্যবস্থাপনা (Knowledge Management) ব্যবস্থা গড়ে তোলা হবে।
- সেবার মান উন্নয়নে উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ করা হবে।

১০। **ইকোপার্ক তৈরি**

২০২৬-২৭

- ইকোপার্কের অবকাঠামো, বৃক্ষরোপণ ও পরিবেশ উন্নয়ন কার্যক্রম পরিচালনা করা হবে।

• দর্শনার্থীদের জন্য প্রয়োজনীয় সুবিধা নিশ্চিত করা হবে।
• নিরাপত্তা ও পরিচ্ছন্নতা ব্যবস্থা জোরদার করা হবে।

২০২৭-২৮

• নতুন বৃক্ষরোপণ ও জীববৈচিত্র্য সংরক্ষণ কার্যক্রম গ্রহণ করা হবে।
• শিক্ষা প্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনসমূহকে সম্পৃক্ত করে পরিবেশ সচেতনতা কার্যক্রম পরিচালনা করা হবে।
• দর্শনার্থীদের মতামত সংগ্রহ করে সেবার মানোন্নয়ন করা হবে।

২০২৮-২৯

• ইকোপার্কের টেকসই ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলা হবে।
• পরিবেশবান্ধব পর্যটন উন্নয়নের উদ্যোগ গ্রহণ করা হবে।
• ইকোপার্কের সামগ্রিক প্রভাব মূল্যায়ন করা হবে।

**১১। টাস্কফোর্স অভিযান পরিচালনা**

২০২৬-২৭

• মাদক, চোরাচালান ও খাদ্যে ভেজাল প্রতিরোধে ৩৬টি টাস্কফোর্স অভিযান পরিচালনা করা হবে।
• ঝুঁকিপূর্ণ এলাকা ও প্রতিষ্ঠানের তালিকা প্রস্তুত করা হবে।
• সংশ্লিষ্ট বিভাগসমূহের সমন্বয়ে যৌথ অভিযান পরিচালনা করা হবে।
• আইনি ব্যবস্থা গ্রহণ ও নিয়মিত ফলোআপ করা হবে।

২০২৭-২৮

• পূর্ববর্তী অভিযানের ফলাফল বিশ্লেষণ করে ঝুঁকি মূল্যায়ন করা হবে।
• গোয়েন্দা তথ্যভিত্তিক অভিযান জোরদার করা হবে।
• জনসচেতনতা বৃদ্ধিতে প্রচারণা কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৮-২৯

• টেকসই মনিটরিং ব্যবস্থা গড়ে তোলা হবে।
• অভিযানের কার্যকারিতা মূল্যায়ন করা হবে।
• আইন প্রয়োগকারী সংস্থার সাথে সমন্বয় আরও জোরদার করা হবে।

**১২। ওয়ান চাইল্ড, ওয়ান ট্রি কর্মসূচি বাস্তবায়ন**

২০২৬-২৭

• ১২০টি শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ করা হবে।
• প্রতিটি শিক্ষার্থীকে একটি করে চারা রোপণে উৎসাহিত করা হবে।
• বিদ্যালয়ভিত্তিক বৃক্ষরোপণ কর্মসূচি আয়োজন করা হবে।

২০২৭-২৮

• ১৬০টি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি সম্প্রসারণ করা হবে।
• রোপিত গাছের পরিচর্যা ও সংরক্ষণে শিক্ষার্থীদের সম্পৃক্ত করা হবে।
• পরিবেশ বিষয়ক সচেতনতামূলক কর্মসূচি পরিচালনা করা হবে।

২০২৮-২৯

• ২০০টি শিক্ষা প্রতিষ্ঠানে কর্মসূচি বাস্তবায়ন করা হবে।
• গাছের বেঁচে থাকার হার মূল্যায়ন করা হবে।
• সফল শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে স্বীকৃতি প্রদান করা হবে।

**১৩। জেলার নিজস্ব ঐতিহ্য ও সংস্কৃতি রক্ষা এবং বিখ্যাত পণ্যসমূহের প্রচার**

২০২৬-২৭

• যশোরের কৈ মাছের জিআই স্বীকৃতির জন্য তথ্য সংগ্রহ, গবেষণা ও প্রয়োজনীয় ডকুমেন্টেশন সম্পন্ন করা হবে।
• সংশ্লিষ্ট বিশেষজ্ঞ, গবেষক ও দপ্তরের সাথে সমন্বয় করা হবে।
• আবেদনপত্র প্রস্তুত ও প্রেরণ করা হবে।

২০২৭-২৮

• জামতলার মিষ্টির জিআই স্বীকৃতির জন্য একই প্রক্রিয়া অনুসরণ করা হবে।

- উৎপাদক ও ব্যবসায়ীদের সম্পৃক্ত করা হবে।
- ঐতিহ্যবাহী পণ্যের প্রচার কার্যক্রম পরিচালনা করা হবে।

২০২৮-২৯

- রজনীগন্ধা ফুলের জিআই স্বীকৃতির জন্য আবেদন প্রক্রিয়া সম্পন্ন করা হবে।
- জেলার ঐতিহ্যবাহী পণ্যের ব্র্যান্ডিং কার্যক্রম পরিচালনা করা হবে।
- জাতীয় পর্যায়ে প্রচার ও বিপণন সহায়তার উদ্যোগ গ্রহণ করা হবে।

**১৪। কর্মক্ষেত্রে ডে-কেয়ার সেন্টার স্থাপন**

২০২৬-২৭

- উপযুক্ত স্থান নির্বাচন করে ৮টি ডে-কেয়ার সেন্টার স্থাপন করা হবে।
- প্রয়োজনীয় আসবাবপত্র, খেলনা ও নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করা হবে।
- পরিচালনা নীতিমালা প্রণয়ন করা হবে।
- দায়িত্বপ্রাপ্ত জনবল নির্ধারণ করা হবে।

২০২৭-২৮

- ডে-কেয়ার সেন্টারসমূহের কার্যক্রম মূল্যায়ন করা হবে।
- শিশুদের জন্য উন্নত সেবা নিশ্চিত করা হবে।
- অভিভাবকদের মতামত সংগ্রহ করে প্রয়োজনীয় উন্নয়ন করা হবে।

২০২৮-২৯

- ডে-কেয়ার সেন্টার পরিচালনায় টেকসই ব্যবস্থাপনা কাঠামো গড়ে তোলা হবে।
- সেবার মান মূল্যায়ন করে উন্নয়ন পরিকল্পনা গ্রহণ করা হবে।
- অন্যান্য প্রতিষ্ঠানে মডেল হিসেবে সম্প্রসারণযোগ্যতা মূল্যায়ন করা হবে।

**১৫। কাজের দক্ষতা বিবেচনা করে সৎ ও দক্ষ কর্মকর্তা/কর্মচারীগণকে পুরস্কৃত করা**

২০২৬-২৭

- পুরস্কার প্রদানের জন্য নীতিমালা ও মূল্যায়ন সূচক নির্ধারণ করা হবে।
- কর্মদক্ষতা, সততা, উদ্ভাবন ও সেবার মানের ভিত্তিতে কর্মকর্তা-কর্মচারী নির্বাচন করা হবে।
- ২৪ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কৃত করা হবে।
- পুরস্কারপ্রাপ্তদের সাফল্যের গল্প প্রচার করা হবে।

২০২৭-২৮

- মূল্যায়ন পদ্ধতি আরও পরিমার্জন করা হবে।
- ৩৬ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কৃত করা হবে।
- কর্মদক্ষতা বৃদ্ধিতে উৎসাহব্যঞ্জক কার্যক্রম গ্রহণ করা হবে।

২০২৮-২৯

- ৪৮ জন কর্মকর্তা/কর্মচারীকে পুরস্কৃত করা হবে।
- প্রাতিষ্ঠানিকভাবে কর্মস্বীকৃতি ব্যবস্থা শক্তিশালী করা হবে।
- কর্মক্ষেত্রে সততা, দক্ষতা ও উৎকর্ষতার সংস্কৃতি প্রতিষ্ঠায় ধারাবাহিক উদ্যোগ গ্রহণ করা হবে।

## সেকশন ২
## (২০২৬-২৭ অর্থবছরের কর্মসম্পাদন পরিকল্পনা)

| কর্মসম্পাদন ক্ষেত্র | পরিকল্পনার ক্রমিক | ফলাফল নির্দেশক কার্যক্রম | পরিমাপের একক | নির্দেশকের মান | প্রকৃত অর্জন (২০২৫-২৬ | লক্ষ্যমাত্রা (২০২৬-২৭) |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |
| সেবাপ্রদান (Service Delivery) [মান-৩০] | ১ | ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন | শতকরা | ৩ | ১০০% | ১০০% |
| | ১ | কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন | সংখ্যা | ৩ | - | ১০০% |
| | ২ | সংস্থার ভূমি উন্নয়ন কর অনলাইনে আদায় | শতকরা | ৩ | ৫.২৯% | ৫০% |
| | ২ | ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ কেস নিষ্পত্তি | শতকরা | ৩ | | ৫০% |
| | ২ | নামজারী মামলা ২৮ দিনে নিষ্পত্তি | শতকরা | ৩ | ৯৫% | ১০০% |
| | ২ | চান্দিনা ভিটি নবায়ন | শতকরা | ৩ | ৪১% | ১০০% |
| | ৫ | ৫ বছরের উর্দ্ধে সার্টিফিকেট মামলার নিষ্পত্তি | শতকরা | ৩ | ১৭% | ৩০% |
| | ৫ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ আদালত এর মামলা নিষ্পত্তি | শতকরা | ৩ | | ১৫% |
| | ৬ | জন্ম নিবন্ধন কার্যক্রম | শতকরা | ৩ | ৬০% | ১০০% |
| | ৬ | মৃত্যু নিবন্ধন কার্যক্রম | শতকরা | ৩ | ৫০% | ৫৫% |
| উদ্ভাবন ও সংস্কার কার্যক্রম বাস্তবায়ন (Innovation & Implementation of Reform Activities) [মান-১৬] | ৪ | ইউনিয়ন পর্যায়ে নারী সাপোর্ট সেল প্রতিষ্ঠা | সংখ্যা | ৩ | - | ১৬টি |
| | ৭ | শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা | সংখ্যা | ৪ | - | ৮টি |
| | ১৪ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার সেন্টার স্থাপন | সংখ্যা | ৩ | - | ৮টি |
| | ৩ | মৎস্য ও পাখিদের অভয়াশ্রম প্রতিষ্ঠা | সংখ্যা | ৩ | - | ১০টি |
| | ১০ | ইকোপার্ক স্থাপন | সংখ্যা | ৩ | - | ১টি |
| প্রাতিষ্ঠানিক সক্ষমতা ও দক্ষতা | ৯ | কর্মকর্তা-কর্মচারীদের ১২টি প্রশিক্ষণের (ডি নথি, এ আই, GPMS ইত্যাদি) আয়োজন | সংখ্যা | ৫ | - | ১২টি |

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| (Institutional Capacity & Efficiency)<br><br>[মান- ১৩] | ৯ | বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অভিযোগের তদন্ত কাজ সম্পন্নকরণ | সময় | ৩ | - | ৩০ দিন |
| | ১৫ | সৎ ও দক্ষ কর্মকর্তা / কর্মচারীগণকে পুরস্কৃতকরণ | সংখ্যা | ৫ | ১২ জন | ২৪ জন |
| উন্নয়ন সংক্রান্ত ও অন্যান্য কার্যক্রম (Development Related & Other Activities)<br><br>[মান-২১] | ২ | হাট বাজারের জমি পেরিফেরিভূক্তকরণ | সংখ্যা | ৩ | ১ টি | ১২ টি |
| | ৪ | নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মাঝে সাইকেল/ সেলাই মেশিন/শিক্ষা উপকরণ বিতরণ | সংখ্যা | ৩ | - | ১৬০টি |
| | ৭ | শিক্ষা সহায়তা ট্রাস্ট ,মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্ট সচলপূর্বক ৮০ জনকে বৃত্তি প্রদান কার্যক্রম পরিচালনা করা | সংখ্যা | ৩ | - | ৮০ জন |
| | ৮ | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চায় মহাকবির জন্ম ও মৃত্যু তারিখে সভা/সেমিনার আয়োজন | সংখ্যা | ৩ | ২ টি | ৪টি |
| | ১১ | মাদক, চোরাচালান, খাদ্যে ভেজাল রোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা | সংখ্যা | ৩ | ২৪ টি | ৩৬ টি |
| | ১২ | শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ | সংখ্যা | ৩ | - | ১২০ টি শিক্ষা প্রতিষ্ঠানে |
| | ১৩ | যশোরের কৈ' মাছ কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ | সংখ্যা | ৩ | - | ১টি পণ্য (কৈ' মাছ) |

## সংযোজনী ৩

## কর্মসম্পাদন ও প্রমাণক

| ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | লক্ষ্যমাত্রা অর্জনের প্রমাণক |
|---|---|---|
| ১ | ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন | প্রতিবেদন |
| ২ | কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন | প্রতিবেদন |
| ৩ | সংস্থার ভূমি উন্নয়ন কর অনলাইনে আদায় | প্রতিবেদন |
| ৪ | ১৯৪৮ ও ১৯৮২ সালের বিলম্বিত ভূমি অধিগ্রহণ কেস নিষ্পত্তি | প্রতিবেদন |
| ৫ | নামজারী মামলা ২৮ দিনে নিষ্পত্তি | প্রতিবেদন |
| ৬ | চান্দিনা ভিটি নবায়ন | প্রতিবেদন |
| ৭ | ৫ বছরের উর্দ্ধে সার্টিফিকেট মামলার নিষ্পত্তি | প্রতিবেদন |
| ৮ | অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট আদালত ও এক্সিকিউটিভ আদালত এর মামলা নিষ্পত্তি | প্রতিবেদন |
| ৯ | জন্ম নিবন্ধন কার্যক্রম | প্রতিবেদন |
| ১০ | মৃত্যু নিবন্ধন কার্যক্রম | প্রতিবেদন |
| ১১ | ইউনিয়ন পর্যায়ে নারী সাপোর্ট সেল প্রতিষ্ঠা | ছবি |
| ১২ | শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা | ছবি |
| ১৩ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার সেন্টার স্থাপন | ছবি |
| ১৪ | মৎস্য ও পাখিদের অভয়াশ্রম প্রতিষ্ঠা | ছবি |
| ১৫ | ইকোপার্ক স্থাপন | ছবি |
| ১৬ | কর্মকর্তা-কর্মচারীদের ১২টি প্রশিক্ষণের (ডি নথি, এ আই, GPMS ইত্যাদি) আয়োজন | ছবি |
| ১৭ | বিসিএস প্রশাসন ক্যাডার কর্মকর্তাদের বিরুদ্ধে মন্ত্রিপরিষদ বিভাগ ও জনপ্রশাসন মন্ত্রণালয় থেকে আগত অভিযোগের তদন্ত কাজ সম্পন্নকরণ | প্রতিবেদন |
| ১৮ | সৎ ও দক্ষ কর্মকর্তাকর্মচারীগণকে পুরস্কৃত / | ছবি |
| ১৯ | হাট বাজারের জমি পেরিফেরিভূক্তকরণ | প্রতিবেদন |
| ২০ | নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মাঝে সাইকেল/ সেলাই মেশিন/শিক্ষা উপকরণ বিতরণ | ছবি |
| ২১ | শিক্ষা সহায়তা ট্রাস্ট ,মধুসূদন ট্রাস্ট ও মহসিন ট্রাস্ট সচলপূর্বক ৮০ জনকে বৃত্তি প্রদান কার্যক্রম পরিচালনা করা | ছবি |
| ২২ | মহাকবি মাইকেল মধুসূদন দত্ত এঁর জীবনী চর্চায় মহাকবির জন্ম ও মৃত্যু তারিখে সভা/সেমিনার আয়োজন | ছবি |
| ২৩ | মাদক, চোরাচালান, খাদ্যে ভেজাল রোধে টাস্কফোর্স অভিযান পরিচালনা | প্রতিবেদন |
| ২৪ | শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ | ছবি |
| ২৫ | যশোরের কৈ' মাছ কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ | প্রতিবেদন |

# সংযোজনী ৪

## অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল কার্যক্রমসমূহ

| ক্রমিক | কার্যক্রম (ফলাফল নির্দেশক) | যেসকল অফিসের সঙ্গে সংশ্লিষ্ট/নির্ভরশীল | সংশ্লিষ্ট/নির্ভরশীল অফিসের সঙ্গে কার্যক্রম সমন্বয়ের কৌশল |
|---|---|---|---|
| ১ | ফ্যামিলি কার্ড বিতরণ বাস্তবায়ন | জেলা সমাজসেবা কার্যালয়, যশোর | সভা, পত্র যোগাযোগ |
| ২ | কৃষক কার্ড বিতরণ বাস্তবায়ন | কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, যশোর | সভা, পত্র যোগাযোগ |
| ১১ | ইউনিয়ন পর্যায়ে নারী সাপোর্ট সেল প্রতিষ্ঠা | মহিলা বিষয়ক অধিদপ্তর,যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ১২ | শিক্ষা প্রতিষ্ঠানে ল্যাঙ্গুয়েজ ক্লাব প্রতিষ্ঠা | জেলা শিক্ষা অফিস, যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ১৩ | কর্মক্ষেত্রে ডে-কেয়ার সেন্টার স্থাপন | মহিলা বিষয়ক অধিদপ্তর,যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ১৪ | মৎস্য ও পাখিদের অভয়াশ্রম প্রতিষ্ঠা | জেলা মৎস্য অফিসারের কার্যালয়, যশোর<br>জেলা প্রাণিসম্পদ অফিস, যশোর<br>জেলা পরিবেশ অধিদপ্তর অফিস, যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ১৫ | ইকোপার্ক স্থাপন | গণপূর্ত বিভাগ, যশোর<br>স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, যশোর<br>জেলা পরিবেশ অধিদপ্তর অফিস, যশোর | পত্র যোগাযোগ, নিয়মিত সমন্বয় সভা |
| ২০ | নারী উদ্যোক্তা ও শিক্ষার্থীদের মাঝে সাইকেল/ সেলাই মেশিন/শিক্ষা উপকরণ বিতরণ | বিসিক জেলা কার্যালয়, যশোর<br>যুব উন্নয়ন অধিদপ্তর, যশোর<br>মহিলা বিষয়ক অধিদপ্তর, যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ২৪ | শিক্ষা প্রতিষ্ঠানে গাছের চারা বিতরণ | বন বিভাগ, যশোর<br>জেলা শিক্ষা অফিস, যশোর<br>জেলা প্রাথমিক শিক্ষা অফিস, যশোর | পত্র যোগাযোগ, লজিস্টিক্স সাপোর্ট, নিয়মিত সমন্বয় সভা |
| ২৫ | যশোরের কৈ' মাছ কে জিআই পণ্যের স্বীকৃতি প্রদানের জন্য প্রস্তাব প্রেরণ | জেলা মৎস্য অফিসারের কার্যালয়, যশোর | সভা, পত্র যোগাযোগ |